131

দৈনিক ইত্তেফাক

তারিখ 23 MAR 1998
পৃষ্ঠা ... কলাম ...

# বেসরকারী প্রাথমিক শিক্ষকদের ৫-দফা পূরণের দাবী

**ইত্তেফাক রিপোর্ট** ॥ বেসরকারী প্রাথমিক শিক্ষক সমিতি গতকাল (রবিবার) এক সাংবাদিক সম্মেলনে সকল রেজিষ্টার্ড প্রাথমিক বিদ্যালয়গুলি জাতীয়করণ, এই বিদ্যালয়ের শিক্ষকদের পৃথক বেতন স্কেল প্রদান, শিক্ষকদের বন্ধকৃত অনুদানভাতা চালুসহ অবিলম্বে

(১৫শ পৃষ্ঠায় ১-এর কঃ দ্রঃ)

## বেসরকারী প্রাথমিক শিক্ষক

*(শেষ পৃঃ পর)*

তাহাদের ৫ দফা মৌলিক দাবী পূরণের জন্য সরকারের নিকট দাবী জানাইয়াছে। এই দাবীতে শিক্ষক সমিতি আগামী ৫ই মে ওসমানী উদ্যান হইতে কাফন পরিধান করিয়া প্রধানমন্ত্রীর সচিবালয় ঘেরাও শেষে আমরণ অনশন শুরু করিবে। সমিতির কেন্দ্রীয় কার্যালয়ে অনুষ্ঠিত এই সাংবাদিক সম্মেলনে বক্তব্য রাখেন সমিতির সভাপতি মোঃ শামসুল আলম, মহাসচিব আক্কাছ আলী শেখ, মৃগেন মোহন সাহা, আবুল হোসেন, জ্যোতিষ মন্ডল, মোহাম্মদ আলী প্রমুখ। লিখিত বক্তব্যে বলা হয়, সমিতি ২৩ হাজার প্রাথমিক বিদ্যালয়ের ৯২ হাজার শিক্ষকের চাকুরী ও বিদ্যালয় জাতীয়করণের লক্ষ্যে দীর্ঘদিন যাবৎ আন্দোলন করিয়া আসিতেছে।